যায়যায়দিন

তারিখ 18 AUG 2009
পৃষ্ঠা ২০ কলাম ৫

নোয়াখালী মেডিকেল কলেজ

# শিক্ষার্থীদের ৭ দিনের আলটিমেটাম

নোয়াখালী প্রতিনিধি

সাত দফা দাবিতে নোয়াখালী মেডিকেল কলেজ শিক্ষার্থীরা সোমবার বিক্ষোভ মিছিল, অবস্থান ধর্মঘট ও সমাবেশ করে। শিক্ষার্থীরা সাতদিনের আলটিমেটাম দিয়ে দাবি না মানা হলে লাগাতার ক্লাস বর্জনসহ বৃহত্তর কর্মসূচি ঘোষণা করে।

আন্দোলনরত শিক্ষার্থীরা সকালে ক্লাস বর্জন করে নোয়াখালী জেনারেল হাসপাতালস্থ কলেজের অস্থায়ী ক্যাম্পাস থেকে মিছিল সহকারে বের হয়ে জেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে শিক্ষার্থীরা নোয়াখালী কেন্দ্রীয় শহীদ মিনারে ঘণ্টাব্যাপী অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করে।

সমাবেশে আন্দোলনরত শিক্ষার্থীরা সাতদিনের আলটিমেটাম দিয়ে দাবি না মানা হলে আজ জেলা শহরের প্রধান সড়কে বিক্ষোভ র‌্যালি ও মানববন্ধন, আগামী বুধবার জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ র‌্যালি ও মানববন্ধন, আগামী বৃহস্পতিবার নোয়াখালী প্রেসক্লাবের সামনে বিক্ষোভ ও অবস্থান ধর্মঘট কর্মসূচি ঘোষণা করে।



অবস্থান ধর্মঘটরত নোয়াখালী মেডিকেল কলেজের শিক্ষার্থীরা - যায়যায়দিন

নোয়াখালী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এ এফ এম সাইফুল ইসলাম জানান, স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন বিভাগের পরিচালকের দপ্তর থেকে ২০০৮-০৯ শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সে ভর্তির জন্য নির্বাচিত ৫০ জন ছাত্রছাত্রীর তালিকা পাওয়ার পর ৬ জানুয়ারি থেকে নোয়াখালী মেডিকেল কলেজে ভর্তি শুরু হয়। ১ ফেব্রুয়ারি ছাত্রছাত্রীদের পরিচিতিমূলক ক্লাসের মধ্য দিয়ে নোয়াখালী মেডিকেল কলেজ আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। ৭ ফেব্রুয়ারি থেকে শুরু হয় নিয়মিত ক্লাস। স্থান সঙ্কুলান না হওয়ায় কলেজের পাঠদান ব্যাহত হচ্ছে। এদিকে লাইব্রেরি, ল্যাবরেটরিসহ ক্রাইটেরিয়া পূরণ না করায় কলেজটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তও হতে পারছে না। আর এ কারণে কলেজের প্রথম ব্যাচের শিক্ষার্থীদের আগামী বছরের জুলাইয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ নিয়ে এখনই অনিশ্চয়তা দেখা দিয়েছে।